

NYC PS+YOU

Public Schools From Chancellor David C. Banks

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



নয়টি নতুন স্কুল, অফুরন্ত সম্ভাবনা

প্রিয় নিউ ইয়র্কবাসীবৃন্দ,

আমাদের সিটিব্যাপী প্রায় 1,600 ডিস্ট্রিক্ট স্কুল রয়েছে এবং সেগুলি আমাদের শিক্ষার্থী এবং পরিবারবর্গকে অসংখ্য সুযোগ প্রদান করে। আমাদের অনেক স্কুল আছে যেখানে ছেলেমেয়েরা অন্য ভাষায় পড়াশুনা করে তাদের দিনের অর্ধেক সময় কাটায়। আমাদের এমন স্কুল আছে যেখানে শিক্ষার্থীরা বড় বড় কোম্পানিগুলোতে ইন্টার্নশিপ (এবং আয়) করে আমাদের এমন স্কুলও রয়েছে যেখানে শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের ক্ষেত্রসমূহে বাস্তব-জগতের শিল্পে ক্রেডেনশিয়াল (স্বীকৃতি) অর্জন করে।

এবং আমরা এই ফল-এ (হেমন্তে) একেবারে নতুন নয়টি স্কুল চালু করতে যাচ্ছি, সে খবর আপনাদের জানাতে পেরে আমি গর্বিত। এই স্কুলগুলি উদ্ভাবনী ক্ষমতা-সম্পন্ন এবং অনন্য, এবং এগুলি হল গভীর কমিউনিটি সংশ্লিষ্টতার প্রত্যক্ষ ফলাফল। আমাদের পরিবারবর্গ স্কুলগুলোতে যা চায়, তা জানিয়েছে এবং আমরা তার ব্যবস্থা করেছি। নতুন স্কুলগুলিতে রয়েছে:

- ম্যাডারিন, আরবি, এবং স্প্যানিশ ভাষায় বিশ্ব ভাষা সমৃদ্ধি প্রোগ্রাম;
- NYC-এর সর্ব-প্রথম ডিস্ট্রিক্ট মন্টেসরি এলিমেন্টারি প্রোগ্রাম;
- জনপ্রিয় ব্রুকলিন নিউ স্কুল দ্বারা উৎসাহিত একটি অনুসন্ধান-ভিত্তিক স্কুল;

- এমন সব স্কুল যেগুলি বিতর্ক, STEAM, এবং ব্যবসা-উদ্যোগের প্রতি ভালোবাসার চর্চা করতে শেখাবে;
- এবং মোশন পিকচার টেকনিক্যাল হাই স্কুল, যা শিক্ষার্থীদেরকে TV এবং চলচ্চিত্র শিল্পে ভালো পরিশ্রমিকের কাজের জন্য প্রস্তুত করবে।

এছাড়া, কম পরিষেবাপ্রাপ্ত এলাকায় তিনটি ত্বরায়িত হাই স্কুল চালু করার আমার দেওয়া প্রতিশ্রুতির অংশ হিসেবে আমরা ইস্ট নিউ ইয়র্ক, ব্রুকলিনে, যেখানে শিক্ষার্থীরা - স্কুলে থাকা অবস্থায়- বিনা খরচে অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করে, তেমন একটি বার্ড হাই স্কুল আর্লি কলেজ চালু করতে যাচ্ছি। আসন সংখ্যার কমপক্ষে 80% শিক্ষার্থী আসবে কমিউনিটি এবং সেন্ট্রাল ব্রুকলিনের অন্যান্য এলাকা থেকে।

আমরা 2025-এর হেমস্তের অপেক্ষায় আছি, যখন নর্থওয়েল হেলথ-এর সাথে সহযোগিতামূলকভাবে এবং ব্রুমবার্গ ফিলানথ্রপিজ-এর কাছ থেকে প্রায় \$25M বিনিয়োগের দ্বারা একটি নতুন হেলথ সায়েন্স হাই স্কুল চালু করবো। যুগপৎ, আমরা মন্টিফোর্ট মেডিকেল সেন্টার এবং ব্রংক্স কমিউনিটি ফাউন্ডেশনের সাথে ব্রংক্স STEAM সেন্টার চালু করবো। আমাদের যেসব শিক্ষার্থী হেলথ কেয়ার এবং টেকনোলজি সম্পর্কে আগ্রহী তাদের জন্য এগুলি হবে অপূর্ব সুযোগ।

যখন আমাদের নতুন স্কুলগুলি বহু ডিস্ট্রিক্ট এবং গ্রেড স্তর ব্যাপী ছড়িয়ে পড়বে, তখন তাদের একটি সাধারণ বিষয় থাকবে: তারা শিক্ষার্থী অভিজ্ঞতাকে পুনর্কল্পনা করে। যখন তারা তাদের দরজাগুলি আমাদের শিক্ষার্থীদের জন্য খুলে দেবে, তখন আমি তাদের সমষ্টিগত প্রভাব দেখার অপেক্ষায় আছি। সম্ভাবনাসমূহ সীমাহীন।

উচ্চ প্রত্যাশায়,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বশেষ NYCPS সংবাদ দেখতে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)- এ অনুসরণ করুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবসক্রাইব](#) করুন।